

জেএসসি ও জেডিসি পরীক্ষার তারিখ পুনর্নির্ধারণ

পেছালো জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাও

ইউজেক রিপোর্ট

বিএনপি নেতৃত্বাধীন ১৮ দলের ডাকা হরতালের কারণে তিন দিনের জুনিয়র কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা পেছানো হয়েছে। এছাড়া পেছানো হয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সেমিস্টারের

এবং রাজশাহী

বিশ্ববিদ্যালয়ের

প্রথম বর্ষের ভর্তি

পরীক্ষা।

পশ্চিমবঙ্গ

সময়সূচি অনুযায়ী

জেএসসির

১০

নভেম্বরের পরীক্ষা

১৪ নভেম্বর সকাল

১০টায়,

১১

নভেম্বরের পরীক্ষা

১৬ নভেম্বর সকাল

১০টায় এবং ১২ নভেম্বরের পরীক্ষা ২১

নভেম্বর সকাল ৯টায় অনুষ্ঠিত হবে।

গতকাল পনিবার

সংবাদ

নাশ্বলনে পরীক্ষার সময় পুনর্নির্ধারণের

কথা মাঝেমাঝে জানান শিক্ষাবন্ত্রী

নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন,

আমরা বাধ্য হচ্ছি অন্যান্যভাবে, চরম চাপের মুখে পরীক্ষা পিছিয়ে দিতে। হরতালে যেসে-যেদের ধরনের মুখে জেমে দিতে পারি না। তাই পরীক্ষার সূচি পেছানো হলো।

তিনি আরো বলেন, নভেম্বর ও ডিসেম্বর মাসে পরীক্ষা সমাপনী ও মূল্যায়নের মাস। এই মাসেই শিক্ষার্থী

অভিভাবক সহ

আমরা পুরো

জাতি অনিশ্চয়তার

মাঝে পড়েছি।

এসব হরতালের

কারণে

হান্সারিতে

শিক্ষার্থীদের হাতে

নতুন বই পৌঁছাতে

সমস্যা হবে বলে

জানেন।

এই

শিক্ষামন্ত্রী। এই

হরতালের মধ্যে বই পৌঁছানোর কাজ

কঠিন। এছাড়া বই ছাপানো-

বাধানোসহ অন্যান্য কাজতো

রয়েছেই। এর আগে হরতালের কারণে

৪ ও ৬ নভেম্বরের জেএসসি-জেডিসির

চারটি বিষয়ের পরীক্ষা পিছিয়ে দেয়া

হয়।

জেএসসিতে ১০ নভেম্বর ইংরেজি

দ্বিতীয় পত্র, ১১ নভেম্বর

বিজ্ঞান/সাধারণ বিজ্ঞান এবং ১২

নভেম্বর ইসলাম পূর্বা ১৯ কলা ১

জেএসসি

১০ নভেম্বরের পরীক্ষা ১৪ নভেম্বর

১১ নভেম্বরের পরীক্ষা ১৬ নভেম্বর

১২ নভেম্বরের পরীক্ষা ২১ নভেম্বর

জেডিসি

১০ নভেম্বরের পরীক্ষা ১৪ নভেম্বর

১১ নভেম্বরের পরীক্ষা ২১ নভেম্বর

১২ নভেম্বরের পরীক্ষা ২২ নভেম্বর

জেএসসি ও জেডিসি

প্রথম পৃষ্ঠার পর

ও নৈতিক শিক্ষা/ইসলাম শিক্ষা, হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা/হিন্দু ধর্ম শিক্ষা, বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা/বৌদ্ধধর্ম শিক্ষা এবং খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা/খ্রিস্টধর্ম শিক্ষা বিষয়ের পরীক্ষা ছিল।

আর মাদ্রাসা বোর্ডের অধীনে জেডিসিতে ১০ নভেম্বর ইংরেজি (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য) ও ইংরেজি প্রথম পত্র, ১১ নভেম্বর ইংরেজি দ্বিতীয় পত্র এবং ১২ নভেম্বর বাংলা সাহিত্য (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য) ও বাংলা প্রথম পত্রের পরীক্ষা ছিল।

বিএনপি নেতৃত্বাধীন ১৮ দল প্রথমে ১০, ১১ ও ১৩ নভেম্বর এই তিন দিন হরতাল ডাকে। পরে দলীয় নেতাকর্মীদের প্রেতৃত্বাধীন প্রতিবাদে পনিবার হরতাল আরো একদিন ১৩ নভেম্বর পর্যন্ত বাড়ানো হয়। ১৩ নভেম্বর জেএসসিতে পারিষ্কৃত শিক্ষা ও মাস্তা বিষয় পরীক্ষা হবার কথা রয়েছে। এ বিষয়ে ঢাকা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান বলেন, এই পরীক্ষা পেছানোর বিষয়ে এখনও কোন সিদ্ধান্ত হয়নি। সিদ্ধান্ত হলে মাঝেমাঝে জানানো হবে। এবারের জেএসসি-জেডিসি পরীক্ষার ১৯ লাখ দুই হাজার ৭৪৬ জন শিক্ষার্থী অংশ নিচ্ছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে আগামী ১০ নভেম্বর, ১১ নভেম্বর ও ১২ নভেম্বর অনুষ্ঠিতব্য সকল পরীক্ষা স্থগিত করা হয়েছে। স্থগিত হওয়া ১৪ বর্ষ অনার্স, বিবিএ ও ৩ বর্ষ ৬ষ্ঠ সেমিস্টার, ইপিই পার্ট-১ প্রথম সেমিস্টার, এমবিএ দ্বিতীয় সেমিস্টার পরীক্ষা ১৪ নভেম্বর, ইপিই পার্ট-৪ অষ্টম সেমিস্টার পরীক্ষা ১৫ নভেম্বর অনুষ্ঠিত হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট Web: www.nu.edu.bd | www.nubd.info থেকে জানা যাবে।

পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা স্থগিত

আগামী ১১ থেকে ১৪ নভেম্বর পর্যন্ত অনুষ্ঠিতব্য রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ভর্তি পরীক্ষা স্থগিত করা হয়েছে। তবে পরীক্ষার নতুন কোন সময় সূচি না দিতে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে, পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে নতুন সময় সূচি জানানো হবে।